



বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন
টিসিবি ভবন (৪র্থ তলা), ১ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫
ই-মেইল: berc2003@gmail.com, ফ্যাক্স : ৮৮-০২-৫৫০১৩৫১৮
ওয়েব সাইট: www.berc.org.bd

গণবিজ্ঞপ্তি

স্মারক: ২৮.০১.০০০০.০১২.১৪.০০১.১৮-২৯৭৪

তারিখ: ০৯ মে ২০১৮।

বিষয়: গ্যাসের ট্রান্সমিশন চার্জ, ডিস্ট্রিবিউশন চার্জ এবং ভোক্তা পর্যায়ে গ্যাসের মূল্যহার পুনর্নির্ধারণের আবেদনের ওপর গণশুনানি।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ অনুযায়ী গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল) গ্যাসের ট্রান্সমিশন চার্জ; তিতাস গ্যাস ট্রান্সমিশন অ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (তিতাস গ্যাস), পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড (পশ্চিমাঞ্চল গ্যাস), বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (বাখরাবাদ গ্যাস), কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (কর্ণফুলী গ্যাস), জালালাবাদ গ্যাস ট্রান্সমিশন অ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড (জালালাবাদ গ্যাস) ও সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড (সুন্দরবন গ্যাস) গ্যাসের ডিস্ট্রিবিউশন চার্জ এবং ভোক্তা পর্যায়ে গ্যাসের মূল্যহার পুনর্নির্ধারণের জন্য কমিশনে আবেদন দাখিল করেছে। উক্ত আবেদনসমূহ এতদসম্পর্কীয় কার্যক্রম গ্রহণের জন্য ইতোমধ্যে কমিশন কর্তৃক আনুষ্ঠানিকভাবে গৃহিত হয়েছে।

০২। বর্ণিত গ্যাস কোম্পানীসমূহের আবেদনের ওপর নিম্নবর্ণিত স্থান ও সময়সূচি অনুযায়ী গণশুনানি অনুষ্ঠিত হবেঃ

কোম্পানীসমূহের নাম	গণশুনানির বিষয়	গণশুনানির তারিখ ও সময়	গণশুনানির স্থান
গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)	গ্যাসের ট্রান্সমিশন চার্জ	১১ জুন ২০১৮, সোমবার সকাল ১০:০০ টা - দুপুর ১২:৩০ টা	ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ (টিসিবি) এর অডিটোরিয়াম [টিসিবি ভবন (২য় তলা), ১ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫]
তিতাস গ্যাস ট্রান্সমিশন অ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (তিতাস গ্যাস)	গ্যাসের ডিস্ট্রিবিউশন চার্জ এবং ভোক্তা পর্যায়ে গ্যাসের মূল্যহার	১৩ জুন ২০১৮, বুধবার সকাল ১০:০০ টা - দুপুর ১২:৩০ টা	
বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (বাখরাবাদ গ্যাস)	ঐ	১৪ জুন ২০১৮, বৃহস্পতিবার সকাল ১০:০০ টা - দুপুর ১২:৩০ টা	
জালালাবাদ গ্যাস ট্রান্সমিশন অ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড (জালালাবাদ গ্যাস)	ঐ	১৮ জুন ২০১৮, সোমবার সকাল ১০:০০ টা - দুপুর ১২:৩০ টা	
কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (কর্ণফুলী গ্যাস)	ঐ	১৯ জুন ২০১৮, মঙ্গলবার সকাল ১০:০০ টা - দুপুর ১২:৩০ টা	
পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড (পশ্চিমাঞ্চল গ্যাস)	ঐ	২০ জুন ২০১৮, বুধবার সকাল ১০:০০ টা - দুপুর ১২:৩০ টা	
সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড (সুন্দরবন গ্যাস)	ঐ	২১ জুন ২০১৮, বৃহস্পতিবার সকাল ১০:০০ টা - দুপুর ১২:৩০ টা	

০৩। আত্মহী যে কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান বা সংস্থা ৩১ মে ২০১৮ তারিখের মধ্যে কমিশনে নাম তালিকাভুক্তিসহ শুনানি-পূর্ব লিখিত বক্তব্য/মতামত কমিশনে প্রেরণ করতে পারবেন এবং উপরিউক্ত তারিখসমূহে অনুষ্ঠিত গণশুনানিতে অংশগ্রহণপূর্বক গ্যাসের ট্রান্সমিশন চার্জ, ডিস্ট্রিবিউশন চার্জ এবং ভোক্তা পর্যায়ে গ্যাসের মূল্যহার পরিবর্তনের আবেদনের বিষয়ে বিশ্লেষণধর্মী যুক্তি/মতামত উপস্থাপন করতে পারবেন।

০৪। গ্যাসের ট্রান্সমিশন চার্জ, ডিস্ট্রিবিউশন চার্জ এবং ভোক্তা পর্যায়ে গ্যাসের মূল্যহার পরিবর্তনের আবেদনের অনুলিপি অফিস চলাকালীন সময়ে কমিশন কার্যালয় থেকে সংগ্রহ করা যাবে। এছাড়া কমিশনের ওয়েব সাইট www.berc.org.bd থেকে উক্ত আবেদনসমূহ ডাউনলোড করা যাবে।

কমিশনের নির্দেশক্রমে,

মোহাম্মাদ দাউদুল ইসলাম

সচিব (অতিরিক্ত দায়িত্ব)

ফোন : ৯১৪ ০১২৫।